

বিশ কোটি টাকা বরাদ্দ হয়েছে, কিন্তু জায়গার অভাবে চট্টগ্রামে ভেটেরিনারি কলেজ হচ্ছে না

॥ জসীম চৌধুরী সর্বজ ॥ চট্টগ্রাম, ৩রা আগস্ট।- চট্টগ্রামে একটি সরকারি ভেটেরিনারি কলেজ স্থাপনের জন্য বিশ কোটি টাকা বরাদ্দ হওয়ার পরও শুধু উপযুক্ত জায়গার অভাবে কলেজ স্থাপনের বিষয়টি অনিশ্চিত হয়ে পড়েছে। পশুসম্পদ অধিদপ্তর জায়গার জন্য সরকারের অন্যান্য বিভাগ ও মন্ত্রণালয়ে বারবার ধরনা দিলেও কোন পক্ষ থেকে ইতিবাচক সাড়া পাওয়া যাচ্ছে না বলে সংশ্লিষ্ট একটি সূত্র জানায়।

সূত্র জানায়, সরকার সিলেট ও চট্টগ্রামে দু'টি ভেটেরিনারি কলেজ স্থাপনের জন্য দু' বছর আগে সিদ্ধান্ত গ্রহণ করে। এজন্যে পশুসম্পদ অধিদপ্তরের অধীনে সিলেট ও চট্টগ্রাম সরকারি ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্প গঠন করে ডাঃ মোঃ আবদুল হাকিমকে এর প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। দু'টি কলেজের জন্য গত অর্থবছরের প্রথমদিকে টাকা বরাদ্দ হয়। সিলেটে প্রায় দশ একর জায়গার ওপর ভেটেরিনারি কলেজ স্থাপনের প্রক্রিয়া গত বছরই শুরু হয়। এতে ১৯৯৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষের ছাত্রছাত্রীর ভর্তি প্রক্রিয়াও বর্তমানে চূড়ান্ত পর্যায়ে। মাসখানেকের মধ্যেই ক্লাস শুরু হবে। কিন্তু চট্টগ্রামে কোথায় কলেজ স্থাপন হবে সে বিষয়টি এখনো নির্ধারণ করতে না পারায়

বরাদ্দকৃত বিশ কোটি টাকা ফেরত যাবার উপক্রম হয়েছে।

এ ব্যাপারে মৎস্য ও পশুসম্পদমন্ত্রী আবদুল্লাহ আল-নোমানের কাছে জানতে চাইলে তিনি বলেন, চট্টগ্রাম শহরে বিভিন্ন বিভাগ ও দপ্তরের অধীনে বিস্তার খালি জায়গা দীর্ঘদিন ধরে অব্যবহৃত পড়ে আছে। ফয়'স লেকের কাছে ৩২ একর জায়গা জুড়ে কৃষি গবেষণা ইনস্টিটিউট নামে যে প্রতিষ্ঠানটি আছে তার নব্বই ভাগই অব্যবহৃত পড়ে আছে। সেখান থেকে ভেটেরিনারি কলেজের জন্য ১০ একর জায়গা চেয়ে মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্ট বিভাগ ও মন্ত্রণালয়ে চিঠি লেখার পর তারা জায়গা ছাড়তে অস্বীকৃতি জানাচ্ছে। খালি জায়গা যাতে কলেজের জন্য না দিতে হয় সেজন্যে তড়িঘড়ি করে সেখানে নানা জাতের ফুল ও ফলের চারা রোপণ করা হচ্ছে। মন্ত্রী বলেন, প্রস্তাবিত এই জায়গাটি পেলে চট্টগ্রাম সরকারি ভেটেরিনারি কলেজে চলতি শিক্ষাবর্ষ থেকেই ছাত্রছাত্রী ভর্তি সম্ভব হতো। প্রসঙ্গক্রমে মন্ত্রী জানান যে, সিলেট ভেটেরিনারি কলেজে প্রথমবারের মত ১ম বর্ষের ৫০টি আসনে ছাত্র ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হলে চার হাজারের বেশি ছাত্রছাত্রীর কাছ থেকে আবেদনপত্র পাওয়া গেছে এবং প্রতিযোগিতামূলক পরীক্ষায় মেধাবী ছাত্রছাত্রীদের এতে ভর্তি করা হচ্ছে।